গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
গুরুদাসপুর, নাটোর।
ওয়েব মেইলঃ dss.gurudaspur.natore.gov.bd

## গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ
## সাং-গুরুদাসপুর, পোঃ গুরুদাসপুর, উপজেলাঃগুরুদাসপুর, নাটোর।

### নির্বাচনী তফসীল/২০২২ ইং

এতদ্বারা গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির ০৭/০২/২২ ইং তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১০/০৪/২২ ইং তারিখে রোজ- রবিবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ০৩.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর কার্যালয়ে বিশেষ সাধারন সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২২ ইং উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর উল্লেখিত নির্বাচনে ব্যবস্থাপনা কমিটির ০৮ টি পদের মধ্যে সভাপতি-০১ জন, সহ-সভাপতি-০১ জন, সমগ্র নির্বাচনী এলাকার বৈধ প্রতিনিধিদের ভোটে এবং ০৬ (ছয়) জন ব্যবস্থাপনা কমিটির সদস্য ০৬ (ছয়) টি নির্বাচনী এলাকা হতে (নির্বাচনী এলাকা/ ব্লক -০১,০২,০৩,০৪,০৫,০৬) স্ব-স্ব নির্বাচনী এলাকার সদস্য সমিতির বৈধ প্রতিনিধিদের ভোটে নির্বাচিত হবেন। নির্বাচনে অংশগ্রহনে আগ্রহী প্রার্থীগণ গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর সদস্য সচিব/ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,গুরুদাসপুর এর নিকট হতে নির্ধারিত ফি জমা প্রদান করে মনোনয়ন পত্র ফরম, অনুমোদিত ভোটার তালিকা, সদস্য পরিচয় পত্র ফরম ও প্রতীক চিহ্নের তালিকা সংগ্রহ করতে পারবেন। এছাড়া নির্বাচন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর কার্যালয় এবং নির্বাচন কমিটির সভাপতির নিকট হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

এমতাবস্থায়,নির্বাচন কমিটির ০২/০৩/২২ ইং তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন/০১(সংশোধিত /০২ও ১৩) এর ১৮(২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৭ বিধি অনুযায়ী গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ব্যবস্থাপনা কমিটির আগামী ১০/০৪/২২ ইং তারিখে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত তফসিল ঘোষনা করা হলো।

| ক্রঃ নং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১. | মনোনয়ন পত্র বিতরণ(সচিব, গুরুদাসপুর ইউসিসিএলিঃএর নিকট হতে বির্ধারিত ফি এর বিনিময়ে সংগ্রহ করতে হবে) | ১৩/০৩/২২ | সকাল ১০.০০ টা হতে দুপুর ০৩.০০ টা | ইউসিসিএ লিঃ এর কার্যালয়, গুরুদাসপুর, নাটোর। |
| ০২. | মনোনয়ন পত্র গ্রহন বা জমা (নির্বাচন কমিটির নিকট) | ১৫/০৩/২২ | সকাল ১০.০০ টা হতে দুপুরঃ ০৫.০০ টা | ইউসিসিএ এর কার্যালয়, গুরুদাসপুর,নাটোর। |
| ০৩. | মনোনয়ন পত্র বাছাই ও বৈধ প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ | ১৬/০৩/২২ | সকাল ১০.০০ টা হতে ৩.০০ টা। | ইউসিসিএ এর কার্যালয়, গুরুদাসপুর,নাটোর। |
| ০৪. | বাতিল মনোনয়ন পত্রের ব্যাপারে আপীল আবেদন গ্রহণ (সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৯(১) মোতাবেক) | ২০/০৩/২২<br>২১/০৩/২২ | অফিস চলাকালীন সময়ে সকাল ৯টা হতে ০৫.০০ টা পর্যন্ত | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, মহোদয়ের কার্যালয় |
| ০৫. | আপীলের শুনানী গ্রহণ ও রায় ঘোষনা (সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৯(২) মোতাবেক) | ২২/০৩/২২<br>২৩/০৩/২২<br>২৪/০৩/২২ | অফিস চলাকালীন যুগ্ম-নিবন্ধক, বিভাগীয়সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, কর্তৃক নির্ধারিত সময় ও তারিখে | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, কার্যালয় |

৩/৩/22          ৩/৩/২০২২          ৩/৩/২০২২

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | বৈধ ও বাতিলকৃত প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ | -- | বাছাইয়ের পর | ইউসিসিএ লিঃ এর কার্যালয়, গুরুদাসপর,নাটোর। |
| ০৭ | প্রার্থীতা পদ প্রত্যাহার (নির্বাচন কমিটির নিকট) | ২৭/০৩/২২ | সকাল ১০.০০ টা | ইউসিসিএ লিঃ এর কার্যালয়, গুরুদাসপর,নাটোর। |
| ০৮ | প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ (নির্বাচন কমিটি কর্তৃক) | ২৮/০৩/২২ | বিকাল ১০.০০ টা | ইউসিসিএ লিঃ এর কার্যালয়, গুরুদাসপর,নাটোর। ও নোটিশ বোর্ড |
| ০৯ | ভোট গ্রহন | ১০/০৪/২২ | সকাল ১০.০০ টা হতে দুপুরঃ ৩.০০ টা | ইউসিসিএ লিঃ এর কার্যালয়, |
| ১০ | ভোট গননা ও ফলাফল ঘোষনা | ১০/০৪/২২ | নির্বাচনের পরপরই | ভোট গ্রহণ শেষে। |

## নির্বাচনী জ্ঞাতব্য বিষয় ঃ

০১। নির্বাচনী তফসিল মোতাবেক গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ,গুরুদাসপুর হতে মনোনয়ন পত্র সংগ্রহ করতে হবে। নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ব্যতীত অন্য কোন প্রকার মনোনয়নপত্র বা উহার ফটোকপি গ্রহনযোগ্য হবে না।

০২। গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ, গুরুদাসপুর এর ১০/০৪/২২ ইং তারিখে ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদান এবং ব্যবস্থাপনা কমিটির সভাপতি, সহ-সভাপতি ও সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করা জন্য সদস্য সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিনিধিকে ক্ষমতা প্রদান করতে হবে। উক্ত ক্ষমতা প্রদান সংক্রান্ত বিষেয়ে ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্তের অনুলিপি এবং প্রতিনিধির পাসপোর্ট সাইজের ছবি সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৩। সদস্য সমিতি কর্তৃক ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি/প্রতিনিধির নিকট নির্ধারিত ছকে সদস্য সমিতি কর্তৃক ইস্যুকৃত পরিচয় পত্র থাকতে হবে। পরিচয় পত্র সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। এবং সমিতির সীল মোহর থাকতে হবে।

০৪। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট প্রার্থী সমবায় সমিতি আইন/০১ (সংশোধিত /০২ ও ১৩) এর ১৯ (২) ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত সুস্পষ্ট ভাবে উল্লেখ থাকতে হবে এবং উহা সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং জেলা/উপজেলা সমবায় অফিসার যাচাই পূর্বক প্রতিস্বাক্ষর করবেন। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নামসহ সীল ব্যবহার করতে হবে।

০৫। মনোনয়ন পত্র নির্ভুলভাবে পুরন করতঃ তফসীল মোতাবেক বির্ধারিত সময়সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যেমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়নপত্রের প্রার্থীর স্বাক্ষর সংশ্লিষ্ট সমিতির সভাপতি/ম্যানেজার/সম্পাদক/নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে। এবং জেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষর করতে হবে এবং সমিতির সীল মোহর থাকতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়নপত্র গ্রহনযোগ্য হবে না।

০৬। মনোনয়ন পত্রের সাথে (ক) মনোনয়ন সংক্রান্ত সমিতির সিদ্ধান্তের সত্যায়িত ও প্রতিস্বাক্ষরিত অনুলিপি (খ) প্রতিনিধির পরিচয় পত্রের কপি সংযোজন করতে হবে এবং মনোনয়ন পত্রে চাহিত প্রতীকের নাম এবং অন্যান্য তথ্যাদি যথাযথভাবে উল্লেখ করতে হবে। ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহের সময় নির্ধারিত ফি প্রদান করতঃ মূল রশিদ মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। মনোনয়ন পত্রের ফটোকপি গ্রহনযোগ্য হবে না।

০৭। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সংশ্লিষ্ট প্রতিনিধিকে নির্ধারিত ফরমে পরিচয়পত্র এবং ভোট প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ক্ষমতা প্রদান সংক্রান্ত সভার রেজুলিউশনের সত্যায়িত কপি নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। ক্ষমতা প্রদানের রেজুলিউশনের অনুলিপি উপজেলা সমবায় অফিসার, গুরুদাসপুর,নাটোর কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। ভোট প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে সমবায় সমিতি বিধিমালা/০৪ এ ৮৭,৮৮(৩) বিধি মোতাবেক যোগ্য হতে হবে।

০৩/০৩/২২ ০৩/০৩/২২ ০৩/০৩/২০২২

০৮। একই সমিতির প্রতিনিধি একাধিক পদে কিংবা নিজ এলাকার বাহিরের এলাকা হতে ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবে না।

০৯। অসম্পূর্ণ, ঘষামাজা, ফ্লুইড ব্যবহার, কিংবা, মিথ্যা তথ্য সম্বলিত এবং সমবায় সমিতি আইন,০১ (সংশোধিত/০২ ও ১৩) ও সমবায় সমিতি বিধিমালা/০৪ মোতাবেক অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গন্য হবে।

১০। অবসায়নে ন্যাস্ত কিংবা নিবন্ধন বাতিলকৃত সমবায় সমিতির প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহন বা ভোট প্রদান করতে পারবে না।

১১। সমবায় সমিতি আইন/০১ (সংশোধিত/০২ ও ১৩) ও সমবায় সমিতি বিধিমালা/০৪ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরন পূর্বক নির্বাচন কার্যক্রম পরিচালিত হবে।

১২। নির্বাচন সংক্রান্ত যে কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে।

১৩। ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক মনোনয়নপত্র সংগ্রহের সময় ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ধার্য্যকৃত ফি প্রদান পূর্বক মনোনয়ন পত্র সংগ্রহ করা যাবে।

১৪। প্রতিদ্বন্দ্বি প্রার্থী নিম্নোক্ত প্রতীক সমূহ মনোনয়ন পত্রে উল্লেখ করতে পারবেন।

ক) সভাপতি ঃ ছাতা,চেয়ার,গরুরগাড়ী, সাইকেল, দেয়াল-ঘড়ি।

খ) সহ-সভাপতি ঃ গোলাপফুল, মোমবাতি, হারিকেন, দোয়াত-কলম।

গ) সদস্য ঃ আম, বই, তলোয়ার, মাছ, কুড়াল, তালাচাবি, মই, মোরগ, কলস, হাতপাখা,

০৩/০৩/২২

(মোঃ নূর এ আলম)
উপজেলা প্রকল্পা কর্মকর্তা
(পজীব,বিআরডিবি)
গুরুদাসপুর,নাটোর।
ও
সদস্য,নির্বাচন কমিটি

০৩/০৩/22

(মোঃ রবিউল রানা)
উপজেলা সমবায় অফিসার
গুরুদাসপুর
ও
সদস্য,নির্বাচন কমিটি

০৩/০৩/২০22

(মোঃ শফিকুল ইসলাম)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
গুরুদাসপুর, নাটোর
ও
সভাপতি,নির্বাচন কমিটি

স্মারকনং-৪১.০১.৬৯৪১.০০০.১৮.০০১.২২.৮৬ (১৯০) তারিখ ঃ ০৩/০৩/২০২২ ইং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহনের জন্য প্রেরন করা হলো ঃ

০১। সভাপতি/সদস্য সচিব, গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশনলিঃ। উক্ত নির্বাচনী তফসীল বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০২। জনাব........................................................................, সদস্য, নির্বাচন কমিটি, গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ।

সদয় জ্ঞাতার্থেঃ

০১। মাননীয় সংসদ সদস্য ৬১,নাটোর-৪(গুরুদাসপুর-বড়াইগ্রাম),নাটোর।
০২। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,গুরুদাসপুর, নাটোর।
০৩। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর।
০৫। জেলা সমবায় অফিসার, নাটোর।
০৬। অফিসার ইনচার্জ, গুরুদাসপুর, নাটোর।
০৭। উপজেলা সমবায় অফিসার, গুরুদাসপুর, নাটোর।
০৮। নোটিশ বোর্ড।

০৩/০৩/২০22

উপজেলা সমাজসেবা কর্মকর্তা
গুরুদাসপুর, নাটোর
ও
সভাপতি,নির্বাচন কমিটি
গুরুদাসপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ।